# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮১

১/ বিবিধ

আরবী

إن الرزق لا تنقصه المعصية ولا تزيده الحسنة، وترك الدعاء معصية

موضوع

أخرجه الطبراني في " الصغير " (ص 147) وابن عدي في " الكامل " (11 / 2) من طريق إسماعيل بن يحيى التيمي عن مسعر بن كدام عن عطية عن أبي سعيد مرفوعا
وهذا إسناد موضوع، إسماعيل هذا كذاب كما قال أبو علي النيسابوري والدارقطني والحاكم، وقال ابن عدي: عامة ما يرويه بواطيل، وعطية العوفي ضعيف وقد مضى له حديث رقم (24)
وقال المناوي في " شرح الجامع ": قال الهيثمي: وفيه عطية العوفي ضعيف، قال السخاوي: سنده ضعيف
وقد ذهلوا جميعا عن علة الحديث الحقيقية، وإلا لما جاز تعصيب الجناية برأس عطية دون إسماعيل الكذاب! ولعله لذلك أورده السيوطي في " الجامع
ثم إن مما يدل على بطلان الحديث قوله صلى الله عليه وسلم: " من أحب أن يبسط له في رزقه وأن ينسأ له في أثره فليصل رحمه "، رواه الشيخان وغيرهما، وهو مخرج في " صحيح أبي داود " (1486)
فهذا يدل على أن الحسنة سبب في زيادة الرزق كما أنها سبب في إطالة العمر، ولا تعارض عند التحقيق بين هذا وبين قوله تعالى (فإذا جاء أجلهم لا يستأخرون ساعة ولا يستقدمون) ولبسط هذا موضع آخر

বাংলা

১৮১। অবাধ্যতা রিযক কমিয়ে দেয় না এবং তাকে (রিযককে) সৎকর্ম বৃদ্ধিও করে না। আর দো'আ ছেড়ে দেয়া হচ্ছে নাফারমানী (অবাধ্যতা)।

হাদীসটি জাল।

হাদীসটি তাবরানী "মুজামুস সাগীর" গ্রন্থে (পৃঃ ১৪৭) এবং ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (১১/২) ইসমাঈল ইবনু ইয়াহইয়া আত-তাইনী সূত্রে ... উল্লেখ করেছেন। এ সনদটি জাল এ ইসমাঈল মিথ্যুক হওয়ার কারণে, যেমনভাবে আবু আলী আন-নাইসাপুরী, দারাকুতনী ও হাকিম বলেছেন। ইবনু আদী বলেনঃ তিনি যা কিছু বর্ণনা করেছেন তার সবই বাতিল। এছাড়া আতিয়া আল-আওফী দুর্বল। তার সম্পর্কে ২৪ নং হাদীসে আলোচনা করা হয়েছে।

মানবী "জামেউস সাগীর"-এর শারাহর মধ্যে বলেন, হায়সামী বলেছেনঃ আওফী দুর্বল। সাখাবী বলেনঃ এটির সনদ দুর্বল। কিন্তু হাদীসটির মূল কারণ উদঘাটন করতে তারা সকলে ভুলে গেছেন। সেটি হচ্ছে ইসমাঈলের মিথ্যুক হওয়া। এ কারণেই সম্ভবত সুয়ূতী "জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন।

এছাড়া হাদীসটি বাতিল হওয়ার প্রমাণ বহন করছে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিম্নের সহীহ হাদীসটি। যেটিকে বুখারী ও মুসলিম বর্ণনা করেছেন।

من أحب أن يبسط له في رزقه وأن ينسأ له في أثره فليصل رحمه

অর্থঃ যে ব্যক্তি তার রিযক বৃদ্ধি করা ও তার হায়াত বৃদ্ধি পাওয়াকে ভালবাসে, সে যেন আত্মীয়দের সাথে সম্পর্ক বজায় রাখে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5441

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন